# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2016**
**FIRST YEAR [BATCH 2015-18]**
**BENGALI (General)**
**Paper : II**

Date : 25/05/2016
Time : 11 am – 2 pm
Full Marks : 75

১। ক) 'প্রহসন' বা 'farce' কাকে বলে? কমেডির সঙ্গে প্রহসনের পার্থক্য কোথায়? একটি সার্থক প্রহসনধর্মী বাংলা নাটক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। (২ + ৬ + ৭)

**<u>অথবা</u>**

খ) সামাজিক উপন্যাস কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি সার্থক বাংলা সামাজিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো। (২ + ৬ + ৭)

২। ক) উনিশ শতকে যুগোপযোগী নবচেতনার উদ্বোধন, পরিপোষণ এবং প্রচারের জন্য সাময়িক পত্রগুলির ভূমিকা কতখানি ছিল তা আলোচনা করো। (১ × ১৫)

**<u>অথবা</u>**

খ) 'প্রবাসী' ও 'সবুজপত্র' পত্রিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। (২ × ৭.৫)

৩। টীকা লেখো (যে কোনো **<u>দুটি</u>**) ঃ (২ × ৫)

ক) উপমা খ) শ্লেষ গ) রূপক ঘ) উৎপ্রেক্ষা

৪। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো (যে কোনো **<u>দুটি</u>**) ঃ (২ × ৫)

ক) মশায়, দেশান্তরী করলো আমায়
কেশনগরের মশায়।

খ) সুরের ডুরিতে জপমালা সম
তব নাম গাঁথা ছিল প্রিয়তম।

গ) সমস্ত দিনের শেষে শিশিরের শব্দের মতো সন্ধ্যা আসে।

ঘ) কাগজ দিয়ে নৌকা বানায় বেকার যত ছেলে পিলে
কর্ণ ধরে পার করবেন দু'এক পয়সা খেয়া দিলে।

৫। ভাবসম্প্রসারণ করো (যে কোনো **<u>একটি</u>**) ঃ (১ × ১০)

ক) কবিতা তোমায় দিলাম আজকে ছুটি,
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়;
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।

খ) কেরোসিন শিখা বলে মাটির প্রদীপে
ভাই বলে ডাকো যদি দেব গলা টিপে।

৬। যে কোনো **<u>একটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ১৫)

ক) ''নীরদে নয়নে নীরঘন সিঞ্চনে
পুলক মুকুল অবলম্ব।''

—কোন পর্যায়ের পদ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? পদটি বিশ্লেষণের মাধ্যমে কবি প্রতিভার পরিচয় দাও। (১ + ১ + ১৩)

খ) এ সখি হামারি দুখের নাহি ওর"

—কোন পর্যায়ের পদ? কবি কে? পদটির মধ্যে যে অনুভবের কথা ব্যক্ত হয়েছে তা জানাও। (১ + ১ + ১৩)

——————— × ———————